দৈনিক সংবাদ

22

তারিখ ... 15 MAR 1995 ...
পৃষ্ঠা ৫ কলাম ৩ ...

সরকারি মহিলা কলেজ

# ১২টি বিভাগে ২৩টি শিক্ষকের পদ শূন্য

পটুয়াখালী সরকারি মহিলা কলেজে ১৪টি বিভাগের ৪৫টি শিক্ষক পদের মধ্যে দীর্ঘদিন যাবৎ ১২টি বিভাগের ২৩টি পদ শূন্য থাকায় ছাত্রীদের লেখাপড়ায় দারুণ বিঘ্ন ঘটছে। ফলে অভিভাবক মহলে উদ্বেগ দেখদিয়েছে।

প্রাপ্ত তথ্যানুযায়ী জেলার একমাত্র সরকারি মহিলা কলেজের বাংলা বিভাগে ২টি প্রভাষক, ইংরেজি বিভাগে ১টি সহযোগী অধ্যাপক ও ২টি প্রভাষক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগে ২টি প্রভাষক, অর্থনীতি বিভাগে ১টি সহকারী অধ্যাপক ও ২টি প্রভাষক, ইসলামের ইতিহাস বিভাগে ১টি প্রভাষক, সাধারণ ইতিহাস বিভাগে ১টি সহযোগী অধ্যাপক ও ২টি প্রভাষক, দর্শন বিভাগে ১টি সহকারী অধ্যাপক ও ১টি প্রভাষক, পদার্থবিদ্যা বিভাগে ১টি প্রভাষক ও ১টি প্রদর্শক, উদ্ভিদবিদ্যা বিভাগে ১টি সহকারী অধ্যাপক, ১টি প্রভাষক ও ১টি প্রদর্শক, গ্রন্থাগার বিভাগে ১টি সহকারী গ্রন্থাগারিক ও শরীর চর্চা বিভাগের একমাত্র পদটিসহ মোট ২৩টি পদ দীর্ঘদিন যাবত শূন্য রয়েছে। ১৪টি বিভাগের মধ্যে ১২টি বিভাগের ২৩টি পদ শূন্য থাকায় কলেজের ছাত্রীদের লেখাপড়া মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে।

কলেজের একজন দায়িত্বশীল শিক্ষকের সাথে আলাপকালে জানা গেছে, এ ব্যাপারে উচ্চশিক্ষা অধিদপ্তরে অনেক লেখালেখি করা হলেও সুফল মেলেনি। কলেজটিতে উচ্চ মাধ্যমিক ও ডিগ্রি কোর্সের ছাত্রীদের এত অল্পসংখ্যক শিক্ষক দ্বারা সুষ্ঠু পাঠদান আদৌ সম্ভব নয়। এ কারণে পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে বিরূপ প্রতিক্রিয়া দেখা দেয়।

এদিকে কলেজটিতে বিভিন্ন বিভাগে উল্লেখযোগ্য পরিমাণ শিক্ষকের পদ শূন্য থাকার কারণে সচেতন অভিভাবক মহল উদ্বেগপ্রকাশ করেছেন।